

স্বঃ মানিক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সুপারের কার্যালয়,
মানিকগঞ্জ জেলা কারাগার।
jailsupermanikgonj7540@gmail.com

কারা অধিদপ্তর, ঢাকা	
কামপ	
অতিরিক্ত কামপ	
ক: কামপ (সংসং)	
স কামপ	
ক	
প্রস	

পত্র নং-৫৮.০৪.৫৬০০.০৮৫.০৩.০২৫.১৯- ৬৪৪০ (৩)

তারিখঃ ১৭/১২/২০১৯ খ্রিঃ।

বিষয় : মানিকগঞ্জ জেলা কারাগারে “ওয়ান স্টপ সার্ভিস সেন্টার” সেবা চালুকরণ প্রসঙ্গে।

মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সেবা প্রার্থীদের সেবা সহজ করার লক্ষ্যে, মানিকগঞ্জ জেলা কারাগারে “ওয়ান স্টপ সার্ভিস সেন্টার” সেবা চালু করা হয়েছে। “ওয়ান স্টপ সার্ভিস সেন্টারটিতে” সেবা প্রদানের জন্য ০২ (দুই) জন কারারক্ষি সার্বক্ষনিক নিয়োজিত রয়েছে। এছাড়া “ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে” ইনচার্জ হিসেবে রয়েছে ডেপুটি জেলার, সংস্থাপন শাখা। উক্ত সেন্টার হতে অফিস কিংবা কারাভ্যন্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের সাথে যোগাযোগের জন্য রয়েছে একটি ইন্টারকম এবং একটি ওয়াটকি। সেবা প্রার্থীদের অভিযোগ লিপিবদ্ধ করার জন্য রয়েছে একটি রেজিস্টার। এক কাউন্টারে সব সেবা প্রদানের লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস সেন্টারটি চালু করা হয়েছে। উক্ত সেন্টারে যে সকল সেবা প্রদান করা হচ্ছে সেগুলো হল : (১) সাক্ষাতের স্লীপ সংগ্রহ (২) পিসিতে টাকা জমা (৩) ওকালকনামা জমা ও গ্রহণ (৪) বন্দীদের প্রয়োজনীয় বৈধ দ্রব্যাদি (যেমন, পোশাক) জমা (৫) জামিন ও খালাস সম্পর্কিত তথ্য (৬) মোবাইল ফোন ও ব্যাগ জমা (৭) বন্দী সম্পর্কিত বৈধ তথ্য (৮) অনুসন্ধান (৯) অভিযোগ নিষ্পত্তি। এ সেবা চালু করায়, সেবা প্রার্থীরা এক জায়গায় স্বল্প সময়ে প্রতিষ্ঠান প্রদত্ত সকল সেবা পাচ্ছেন।

“ওয়ান স্টপ সার্ভিস সেন্টার” এর ছবি প্রস্তুত পূর্বক এতদসঙ্গে সবিনয়ে প্রেরণ করা হলো।

সংযুক্ত : ছবি-----০৪ (চার) টি।

যোগাযোগ শাখা
17 DEC 2019
পত্র ডায়েরী নং ২২৪২

কারা মহাপরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

কারা উপ-মহাপরিদর্শক,
ঢাকা বিভাগ, ঢাকা।

৩৭/১২/১৯
(এ কে এ এম মাসুম)
বিজে নং-০২৮১০৮৮০০৪১১
জেলার
পক্ষে-জেলা সুপার
মানিকগঞ্জ জেলা কারাগার।
ফোনঃ ৭৭১০৭১২ (দপ্তর)
৩৭/১২/১৯





